

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৭৯৮

আগরতলা, ১৬ জুলাই, ২০২৪

গন্ডাতুইসা মহকুমার ঘটনায় ক্ষতিগ্রস্তদের রাজ্য সরকারের
আর্থিক সহায়তা : পরিস্থিতি দ্রুত স্বাভাবিক হচ্ছে

গন্ডাতুইসা মহকুমায় সাম্প্রতিক অনভিপ্রেত ঘটনার পরিপ্রেক্ষিতে রাজ্য সরকার ক্ষতিগ্রস্তদের জন্য আর্থিক সহায়তা বরাদ্দ করেছে। রাজ্য সরকারের পক্ষ থেকে মৃত পরমেশ্বর রিয়াংয়ের পিতা খড়্গরাম রিয়াংকে ৬ (ছয়) লক্ষ টাকা আর্থিক সহায়তার অনুমোদন দেওয়া হয়েছে। পাশাপাশি এই ঘটনায় ১৬৫টি ক্ষতিগ্রস্ত পরিবারের জন্য রাজ্য সরকার ১ কোটি ৫৪ লক্ষ টাকা আর্থিক সহায়তা বরাদ্দ করেছে। ইতিমধ্যেই অন্তর্বর্তীকালীন সহায়তা হিসেবে জেলা প্রশাসনের পক্ষ থেকে ক্ষতিগ্রস্তদের ২৫ হাজার টাকা করে দেওয়া হচ্ছে। ক্ষতিগ্রস্ত ঘরবাড়ি, দোকানপাট এবং অন্যান্য সম্পত্তির ক্ষয়ক্ষতি নিরূপণের প্রক্রিয়া চলছে এবং শীঘ্রই এই প্রক্রিয়া শেষে অবশিষ্ট আর্থিক সহায়তা দেওয়া হবে। অন্যদিকে, ত্রাণ শিবিরে অবস্থানরতদের প্রয়োজনীয় সুবিধা প্রদানের পাশাপাশি নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করার জন্য স্বাস্থ্য শিবিরের ব্যবস্থা করা হয়েছে। আজ ধলাই জেলার জেলাশাসক এবং পুলিশ সুপার গন্ডাতুইসা পরিদর্শন করেন। জেলা প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, দোকানপাট ও বাজার-হাট স্বাভাবিকভাবেই খোলা রয়েছে এবং পরিস্থিতি দ্রুত স্বাভাবিক হচ্ছে।
